


সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: ২৭ জুন ২০২৩ তারিখ পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে তফসিলি ব্যাংক বন্ধ ঘোষণা এবং তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন-ভাতা প্রদান ও রপ্তানি বিল ক্রয়ের লক্ষ্যে তফসিলি ব্যাংকের তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ ২৭ ও ২৮ জুন ২০২৩ তারিখ সরকারি ছুটির দিন সীমিত পরিসরে খোলা রাখা প্রসঙ্গে।

এতদ্বারা সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার ২৭ জুন, ২০২৩ পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সাধারণ ছুটি ঘোষণা করায় তফসিলি ব্যাংকসমূহের শাখা/উপশাখা বন্ধ থাকবে। আসন্ন ঈদ-উল-আযহা এর পূর্বে তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গি, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ ২৭ ও ২৮ জুন ২০২৩ তারিখে সরকারি ছুটির দিন সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংক নির্দেশনা প্রদান করেছে।

এ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের সার্কুলার লেটার নং-১৮ তারিখঃ ২১/০৬/২০২৩ আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৮

০৭ আষাঢ় ১৪৩০

তারিখঃ -----

২১ জুন ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

২৭ জুন ২০২৩ তারিখ পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে তফসিলি ব্যাংক বন্ধ ঘোষণা এবং তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন-ভাতা প্রদান ও রপ্তানি বিল ক্রেতার লক্ষ্যে তফসিলি ব্যাংকের তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ ২৭ ও ২৮ জুন ২০২৩ তারিখ সরকারি ছুটির দিন সীমিত পরিসরে খোলা রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

জনপ্রশাসন মন্ত্রণালয় এর ২০ জুন ২০২৩ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-১০৪ এর মাধ্যমে ২৭ জুন ২০২৩ তারিখ মঙ্গলবার পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে সাধারণ ছুটি ঘোষণা করায় তফসিলি ব্যাংকসমূহের শাখা/উপশাখা বন্ধ থাকবে।

০২। আসন্ন ঈদ-উল-আযহা এর পূর্বে তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আওলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ২৭ ও ২৮ জুন ২০২৩ তারিখ সরকারি ছুটির দিন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

তারিখ	অফিস সময়সূচি	লেনদেনের সময়সূচি
২৭ ও ২৮ জুন ২০২৩ মঙ্গলবার ও বুধবার	সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত	সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ২:০০ ঘটিকা পর্যন্ত।

০৩। সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা চালু রাখার বিষয়ে ০৫ আগস্ট ২০১৯ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(আরিফ হোসেন খান)

পরিচালক (ডিওএস)

ফোন : ৯৫৩০০৯৩